



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”


স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৫৫.১৪-৯২৫

তারিখঃ ০৩/০৮/২০২২খ্রিঃ।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য ভারুয়াল সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের গত ১৮ জুলাই, ২০২২ তারিখের ভারুয়াল সভার কার্যবিবরণী সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ৬(ছয়) ফর্দ।


(ফারজানা মান্নান)
উপ সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক (সকল)

..... পৌরসভা

জেলাঃ.....।

অনুলিপি :-

- ১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ২। একান্ত সচিব, সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ৪। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের জন্য ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ১৮ জুলাই ২০২২
সময় : বেলা ৩:০০ ঘটিকা
সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

পেঙ্গা ক্রম
AC
7/2022

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহীদ সদস্যগণের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি অবহিত করেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২২ পালন করতে হবে। সভাপতি আরও বলেন যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ২৭ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ড. মলয় চৌধুরী প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
১.	(ক) ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। (খ) জাতীয় পতাকা সঠিক মাপের ও রঙের হতে হবে, বিবর্ণ ও মোচড়ানো পতাকা ব্যবহার করা যাবে না। এক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বিধিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা ও সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান;

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
২.	<p>সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত।</p> <p>(ক) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;</p> <p>(খ) লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে, এ জন্য রিহাসীল করতে হবে;</p> <p>(গ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ লেক সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>(ঘ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর সংলগ্ন ফুটওভার ব্রিজটি পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ দ্রুত রঙ করতে হবে;</p> <p>(ঙ) অপ্রয়োজনীয় ও দৃষ্টিকটু বিজ্ঞাপন অপসারণ করতে হবে; এবং</p> <p>(চ) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ ও এপ্রোচ রোডসমূহের সংস্কার এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা ও উপর্যুক্ত লাইটিং নিশ্চিতকরণ;</p> <p>(ছ) ধানমন্ডির ৩২-এ অনুষ্ঠেয় কর্মসূচির বিষয়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি উপসচিব জনাব মোহাম্মদ শামছুল ইসলাম সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।</p>	<p>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন</p> <p>স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি</p>
৩.	<p>ক) ধানমন্ডির ৩২ নম্বর রোডের মূল অনুষ্ঠানস্থলে ১০০০ টি বোতলজাত পানি সরবরাহ করতে হবে;</p> <p>খ) ট্যাংকের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ নিশ্চিত করতে হবে;</p> <p>গ) ট্যাংকের পানি পান করার জন্য প্রয়োজনীয় সংখ্যক Disposable গ্লাস সরবরাহ করতে হবে।</p>	ঢাকা ওয়াসা
৪.	<p>১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া।</p> <p>(ক) মোনাজাত পরিচালনার জন্য ঈমাম (বিকল্প ঈমামসহ) নিয়োগ (এসবি পাশসহ) ও তাঁর উপস্থিতি নিশ্চিত করতে হবে;</p> <p>(খ) অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সিসিটিভি স্থাপন করতে হবে;</p>	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
	<p>(গ) অনুষ্ঠানস্থলের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ এবং প্রয়োজ্যক্ষেত্রে রং করার ব্যবস্থা করতে হবে;</p> <p>(ঘ) অনুষ্ঠানের দিন অনুষ্ঠানস্থলে বৃষ্টিরোধক সামিয়ানা স্থাপন এবং পর্যাপ্ত ছাতার ব্যবস্থা রাখতে হবে;</p> <p>(ঙ) বনানী কবরস্থান-অফিসে/অপেক্ষা-কক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র, সরঞ্জাম সরবরাহ, পর্যাপ্ত লাইটিং, শীতাতপ নিয়ন্ত্রণ ও মানসম্মত ওয়াশরুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;</p> <p>(চ) অনুষ্ঠান শুরুর ২ দিন পূর্বে অর্থাৎ ১৩ আগস্ট ২০২১ তারিখের মধ্যে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে;</p> <p>(ছ) প্রস্তুতি যাচাইকল্পে কমিটির সদস্যবৃন্দ ১৪ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকাল ১০.০০ টায় বনানী কবরস্থান পরিদর্শন করবেন;</p> <p>(জ) অনুষ্ঠানের সময় যোগাযোগের প্রয়োজনে মোবাইল ফোন ব্যবহারের জন্য কমিটির সদস্যদের মোবাইল নম্বরসহ নামের তালিকা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (এসএসএফসহ) নিকট পত্র প্রেরণ করতে হবে।</p> <p>(ঝ) ধানমন্ডির ৩২ নম্বর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ সংলগ্ন রাস্তা হতে ধানমন্ডি ২৭ নং রাস্তা মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>(ঞ) ঢাকার বনানীস্থ কবরস্থানে দায়িত্বপালনকারী কর্মকর্তা/কর্মচারীদের কোভিড-১৯ টেস্ট করতে হবে।</p> <p>(ট) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচির বিষয়ে স্থানীয় সরকার বিভাগের উপসচিব জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি</p>
৫.	<p>ক) সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর অথবা সুবিধাজনক সময়ে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের আত্মদানকারী সদস্যসহ ১৫ আগস্টের সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করতে হবে।</p> <p>খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য বিধি সংক্রান্ত সকল নির্দেশনা পালন করতে হবে। নির্দেশনা পাওয়া না গেলে কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি পালন করতে হবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>
৬.	<p>১৫ আগস্ট, ২০২২ খ্রি. সকাল ০৯.০০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে।</p>	<ul style="list-style-type: none"> ● স্থানীয় সরকার বিভাগ ● স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ● জনস্বাস্থ্য প্রকৌশল

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
	<p>খ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থলে ও পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং কলাবাগান ক্রীড়াচক্র মাঠে ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।</p> <p>গ) ঢাকা ওয়াশা স্থানীয় সরকার বিভাগের র্যালিতে অংশগ্রহণকারীদের জন্য প্রয়োজনীয় সংখ্যক বোতলজাত পানির ব্যবস্থা করবে।</p>	<p>অধিদপ্তর</p> <ul style="list-style-type: none"> ঢাকা ওয়াশা জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন
৭.	<p>স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক ১৫ আগস্ট, ২০২২ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি/ ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।</p> <p>(ক) স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ মাননীয় মন্ত্রীর নেতৃত্বে সকাল ১০.০০ ঘটিকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে।</p>	<ul style="list-style-type: none"> স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ঢাকা ওয়াশা জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট রেজিষ্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন
৮.	<p>ক) ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে স্থানীয় সরকার বিভাগ কেন্দ্রীয়ভাবে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে। উক্ত অনুষ্ঠানে স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা এবং ঢাকাস্থ দপ্তর/সংস্থার শীর্ষ কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন।</p> <p>খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আলাদা আলাদাভাবে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনীভিত্তিক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>
৯.	<p>গোথ সেন্টারসহ ঢাকা শহরের গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও স্থাপিত এলইডি, ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে বঙ্গবন্ধুর ভাষণের উদ্ধৃতি ডিসপ্লে করতে হবে।</p> <p>(ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড ও ইলেক্ট্রনিক বিলবোর্ডের মাধ্যমে বঙ্গবন্ধুর ভাষণের উদ্ধৃতি ডিসপ্লে করতে হবে। এছাড়া ড্রপডাউন ব্যানার প্রদর্শন করতে হবে।</p> <p>(খ) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) জাতীয় শোক কর্মসূচি বহল প্রচারের ব্যবস্থা করবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
	<p>(গ) জাতির পিতা এবং ১৫ই আগস্টের শহিদদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শনে ড্রপডাউন ব্যানার মুদ্রণ ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নরূপ বিষয় অনুসরণ করতে হবে:</p> <p>১) ড্রপডাউন ব্যানারটি ভবনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ভবনের সামনে দৃশ্যমানভাবে লাগানোর ব্যবস্থা গ্রহণ করা;</p> <p>২) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি থাকবে। স্থান সংকুলান সাপেক্ষে ১৫ই আগস্টের সকল শহিদদের ছবি ব্যবহার করা যাবে;</p> <p>৩) ব্যানারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ই আগস্টের শহিদগণ ব্যতীত অন্য কোন ছবি ব্যবহার না করা;</p> <p>৪) ব্যানারে স্থান সংকুলান সাপেক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোনো ভাষণের উদ্ধৃতি/দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কোনো উদ্ধৃতি বা কবিতার পঙক্তি ব্যবহার করা যেতে পারে।</p>	
১০.	<p>ক) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে অংশগ্রহণ করবে। এছাড়াও যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্সুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।</p> <p>খ) স্থানীয় সরকার বিভাগের স্ব স্ব অনুবিভাগ কর্তৃক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের বিষয়টি তদারকি করবে।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p> <p>স্থানীয় সরকার বিভাগের সকল অনুবিভাগ</p>
১১.	<p>স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ আগস্ট মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করবেন।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>
১২.	<p>জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, আওতাধীন দপ্তর/সংস্থা নিজস্ব বাজেট হতে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নিজস্ব রাজস্ব আয় হতে এ ব্যয় নির্বাহ করবে। এ জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ করা হবে না।</p>	<p>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</p>

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়ন
১৩.	স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।	উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল)

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহবান জানান। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

(স্বাক্ষর)
২৩/০৭/২০২২

(মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী)

সচিব

স্থানীয় সরকার বিভাগ

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৬. ২০২২-৫-০৪/১(৩৩)

তারিখঃ

০৬ শ্রাবণ ১৪২৯

২১ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৬। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
- ৭। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৯। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ১০। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
- ১১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১২। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ১৩। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/সিটি কর্পোরেশন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর/চট্টগ্রাম/সিলেট সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/গাজীপুর/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণ দপ্তর, ঢাকা।

M. M. Rahman

এ কে এম মিজানুর রহমান

উপসচিব

ফোন- ৫৫১০১১৮১

E-mail: lgadmin1@lgd.gov.bd পৃষ্ঠা- ৬